

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA  
Date: 07-01-2025  
Time: 07:55-08:05 PM Hrs  
BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

- (১) রাজ্য সরকার গত আগষ্ট মাসে বন্যায় ক্ষয়ক্ষতি মেটাতে মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিল থেকে অতিরিক্ত ১৩ কোটি টাকা মঞ্জুর করেছে।
- (২) রাজ্যে পর্যটন বিকাশে পর্যটন ও বন দপ্তর যৌথভাবে নতুন কিছু পরিকল্পনা গ্রহনের সিদ্ধান্ত নিয়েছে।
- (৩) কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ নতুনদিল্লিতে সেন্ট্রাল ব্যৱৰো অফ ইনভেস্টিগেশন দ্বারা তৈরি ভারতপোল পোর্টাল চালু করেছেন।
- (৪) ক্রীড়া ও যুব কল্যাণ মন্ত্রী টিংকু রায় আজ দক্ষিণ ত্রিপুরা ফুটবল সুপার লীগ টুর্নামেন্টের উদ্বোধন করেন।

\*\*\*\*\*

**CM Relief Fund :**

রাজ্য সরকার গত আগষ্ট মাসে বন্যায় ক্ষয়ক্ষতি মেটাতে মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিল থেকে অতিরিক্ত ১৩ কোটি টাকা মঞ্জুর করেছে। এ নিয়ে মোট ২৫ কোটি টাকা মনজুর করা হয়েছে। ক্ষতিগ্রস্ত এলাকায় রাজস্ব দপ্তরের মাধ্যমে এই অর্থ ব্যয় করা হবে।

\*\*\*\*\*

**Sushanta Chowdhury-Meeting :**

রাজ্যে পর্যটন বিকাশে পর্যটন ও বন দপ্তর যৌথভাবে নতুন কিছু পরিকল্পনা গ্রহনের সিদ্ধান্ত নিয়েছে। আজ সচিবালয়ে পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরীর পৌরোহিত্যে অনুষ্ঠিত এক বৈঠকে এ নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। পর্যটনমন্ত্রী বলেন, বনভিত্তিক পর্যটন আদিবাসী সম্প্রদায় এবং অনুন্নত জনগোষ্ঠীর জন্য গুরুত্বপূর্ণ অর্থনৈতিক সুবিধাও তৈরি করতে পারে। বৈঠকে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বনমন্ত্রী অনিমেষ দেৱৰ্মা, পর্যটন সচিব উত্তম কুমার চাকমা, অধিকর্তা প্রশান্ত বাদল নেগী ও বন দপ্তরের পিসিসিএফ রবীন্দ্র কুমার শ্যামল।

\*\*\*\*\*

#### **Rubber Growers Meet :**

রাবারের উৎপাদন বাড়াতে আধুনিক প্রযুক্তির ব্যবহারের উপর গুরুত্ব আরোপ করেছেন রাজ্যের শিল্প দপ্তরের সচিব কিরণ গিত্যে। রাবার বোর্ডের উদ্যোগে আজ আগরতলায় আয়োজিত গ্রোয়ার্স মিট বা উৎপাদক সম্মেলনে বক্তব্য রাখতে তিনি বলেন, নতুন প্রযুক্তি ব্যবহারের জন্য সরকারের শিল্প বাণিজ্য দপ্তর, রাবার বোর্ড ও ব্যাংক সব রকমের সহযোগিতা করার জন্য প্রস্তুত। বর্তমানে রাজ্য ১৫ হাজার কোটি টাকার বাজার রয়েছে রাবারের। শ্রী গিত্যে বলেন দক্ষিণ জেলার শান্তিরবাজারে আরেকটি রাবার পার্ক করা হবে।

তিনি বলেন, রাবার বোর্ডের পরিকল্পনা অনুযায়ী উত্তর পূর্বাঞ্চলে আরো দুই লক্ষ হেক্টর জমিতে রাবার বনায়ন গড়ে তোলার লক্ষ্যমাত্রা রয়েছে। বর্তমানে মুখ্যমন্ত্রী রাবার মিশন প্রকল্পে চালু হওয়ায় অনেকেই রাবার চাষে এগিয়ে এসেছে এবং উৎপাদনে সফল্য লাভ করেছেন।

অনুষ্ঠানে বক্তব্য গিয়ে কেন্দ্রীয় সরকারের রাবার বোর্ডের এক্সিকিউটিভ ডাইরেক্টর এম বসথাগেসন বলেন এই সম্মেলনের মূল উদ্দেশ্য হচ্ছে উৎপাদকদের সুবিধা-অসুবিধা ও তাঁদের

মতামত নেওয়া, উভয় পক্ষের মধ্যে মত বিনিময় এবং রাবারের উৎপাদন বাড়াতে সরকারের নেওয়া বেশকিছু নতুন প্রকল্পের কথা রাবার উৎপাদকদেরকে জানানো।

#####Byte-M Basthagesan#####

এছাড়া অনুষ্ঠানে বক্তব্য পেশ করেন রাবার প্রোডাকশন কমিশনার টি সিজু ঘুম কমিশনার কে শৈলজা, রাবার বোর্ডের ডেভেলপমেন্ট অফিসার অরুণাভ মজুমদার, বোর্ড মেম্বার প্রসেনজিং বিশ্বাস। অনুষ্ঠানে রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে প্রায় ২৫০ রাবার চাষীদের নিয়ে দেশ ও রাজ্যের রাবার বিশেষজ্ঞরা অভিজ্ঞতার বিনিময় করেন।

\*\*\*\*\*

**TCS to IAS :**

রাজ্যের নয়জন টিসিএস আধিকারিক আইএএস আধিকারিকে উন্নীত হয়েছেন। তারা হলেন, অজিত শুল্কদাস, মানিক লাল দাস, দেবেন্দ্র রিয়াং, অদিতি মজুমদার, সন্তোষ দাস, ধনবাবু রিয়াং, দশরথ দেববর্মা, মিহির কান্তি গোপ ও উপেন্দ্র জমাতিয়া। কেন্দ্রীয় সরকারের অবর সচিব সঞ্চয় কুমার চৌরাসিয়া এক বিজ্ঞপ্তিতে এ কথা জানান।

\*\*\*\*\*

**TBSE-Online Form Fill :**

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত এবছরের মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষার জন্য অনলাইনে আবেদনপত্র পূরণ আগামী ১০ই জানুয়ারি থেকে শুরু হবে। শেষ হবে ৩১শে জানুয়ারী বিকাল ৫টায়। পর্ষদের সচিব ডঃ দুলাল দে আজ এখবর জানিয়েছেন।

\*\*\*\*\*

### Update Akashvani :

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে। আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ড্রিউ। ড্রিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যাইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যাইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

\*\*\*\*\*

### BHARATPOL :

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ নতুনদিল্লিতে সেন্ট্রাল ব্যরো অফ ইনভেস্টিগেশন দ্বারা তৈরি ভারতপোল পোর্টাল চালু করেছেন। BHARATPOL পোর্টাল আইন প্রয়োগকরী সংস্থাগুলিকে সঠিক তথ্য পেতে উল্লেখযোগ্যভাবে সুবিধা দেবে। সাইবার অপরাধ, আর্থিক অপরাধ, মাদক পাচার এবং মানব পাচার সহ আন্তর্জাতিক অপরাধ মোকাবেলা করার জন্য পোর্টালটি তৈরি করা হয়েছে। অনুষ্ঠানে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, ভারতপোল আন্তর্জাতিক তদন্তকে নতুন যুগে নিয়ে যাবে। তিনি বলেন, এখন তদন্তকারী সংস্থাগুলি প্রয়োজনীয় তথ্য পেতে ইন্টারপোলের সঙ্গে যোগাযোগ করতে পারবে। তিনি বলেন, এটি মাদক পাচার, অন্ত্র চোরাচালান, সন্ত্রাস-সংক্রান্ত অপরাধ এবং মানব পাচার সংক্রান্ত মামলা মোকাবেলায় সহায়তা করবে।

#####Byte-Amit Shah#####

অনুষ্ঠানে স্বরাষ্ট্র মন্ত্রী আজ ৩৫ জন সিবিআই আধিকারিককে পুলিশ পদক প্রদান করেন।

\*\*\*\*\*

#### **HMPV :**

কেন্দ্রীয় স্বাস্থ্য সচিব পুণ্য সলিলা শ্রীবাস্তব জোর দিয়ে বলেছেন যে হিউম্যান মেটানিউমোভাইরাস, এইচ এম পি ভি থেকে উদ্বেগের কোনও কারণ নেই। রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলগুলির সঙ্গে ভার্চুয়াল বৈঠকে স্বাস্থ্য সচিব দেশে শ্বাসকষ্টজনিত অসুস্থতার বর্তমান পরিস্থিতি এবং এই সংক্রান্ত ব্যবস্থাপনা সহ এইচএমপিভির বর্তমান অবস্থা পর্যালোচনা করেন। সচিব রাজ্যগুলিকে ইনফ্লুয়েঞ্চার মতো অসুস্থতা এবং গুরুতর তীব্র শ্বাসযন্ত্রের সংক্রমণের ক্ষেত্রে নজরদারি জোরদার ও পর্যালোচনা করার পরামর্শ দিয়েছেন। তিনি উল্লেখ করেন যে শীতকালে সাধারণতঃ শ্বাসযন্ত্রের অসুস্থতার প্রকোপ দেখা যায় এবং তিনি আশ্বাস দেন যে শ্বাসযন্ত্রের অসুস্থতার চিকিৎসার জন্য যথেষ্ট প্রস্তুতি রয়েছে। বৈঠকে রাজ্যগুলিকে তথ্য, শিক্ষা এবং যোগাযোগ - IEC-এর পাশাপাশি ভাইরাস সংক্রমণ প্রতিরোধে জনগণের মধ্যে সচেতনতা বাঢ়াতেও পরামর্শ দেওয়া হয়েছে।

\*\*\*\*\*

#### **Fishery :**

ভারত সরকারের মৎস্য, পশুপালন ও ডেয়ারি মন্ত্রকের মৎস্য বিভাগ এর উদ্যোগে গতকাল অসমের গুয়াহাটিতে কেন্দ্রীয় মন্ত্রী রাজীব রঞ্জন সিং এর পৌরোহিত্য 'উত্তর-পূর্বাঞ্চলীয় রাজ্য বৈঠক"-অনুষ্ঠিত হয়।

এই অনুষ্ঠানে কেন্দ্রীয় মন্ত্রী প্রায় ৫০ কোটি টাকার বিভিন্ন প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। এর মাধ্যমে উত্তর-পূর্বাঞ্চলে মৎস্যচাষ ক্ষেত্রের স্বনির্ভরতা অর্জনের জন্য জোর দেওয়া হয়েছে মন্ত্রী মৎস্যচাষের সুবিধাভোগীদের মধ্যে এন. এফ. ডি. পি. নিবন্ধনের শংসাপত্র, কে. সি. সি কার্ড, সেরা এফ. এফ.

পি. ও এবং মৎস্য ক্ষেত্রে স্টার্ট-আপদের পুরস্কার সহ শংসাপত্র বিতরণ করেন।

মৎস্য ক্ষেত্রে বিকাশের গতি বৃদ্ধিতে কেন্দ্রীয় মৎস্য বিভাগ সিকিমে জৈব মৎস্যচাষ ও জলজ চাষের উন্নয়নের জন্য সিকিমের সোরেং জেলায় জৈব মৎস্য চাষ এলাকাকে ক্লাস্টার হিসেবে ঘোষণা করেছে।

\*\*\*\*\*

#### **Tibet earthquake :**

আজ সকালে ভয়াবহ ভূমিকম্পে তিব্বতে কমপক্ষে ৯৫ জনের মৃত্যু ও ১৩০ জন আহত হয়েছেন। রিখটার স্কেলে ভূ-কম্পনের মাত্র ছিল ৭.১। নেপালের গোকর্ণেশ্বরের কাছে লোবুচে থেকে ৯০ কিলোমিটার উত্তর-পূর্বে ভূমিকম্পের উৎসস্থল ছিল। ভারত, নেপাল, বাংলাদেশের কিছু অংশ আজ ভূ-কম্পন অনুভূত হয়েছে।

\*\*\*\*\*

#### **BJP Press Meet :**

প্রদেশ বিজেপি'র উদ্যোগে আগামী ১১শে জানুয়ারি থেকে ২৫শে জানুয়ারি পর্যন্ত রাজ্যের প্রতিটি বুথ, মন্ডল এবং জেলা স্তরে সংবিধান দিবস পালনের জন্য নানা কর্মসূচি গ্রহণ করা হয়েছে। আজ আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় একথা জানিয়েছেন। তিনি জানান, এই কর্মসূচিকে সঠিকভাবে বাস্তবায়নের জন্য আগামী ৯ই জানুয়ারি সম্মত মন্ডল, জেলা এবং প্রদেশ বিজেপির পদাধিকারীদের নিয়ে এক কর্মশালার আয়োজন করা হবে।

\*\*\*\*\*

#### **Belonia-MLA :**

বিধায়ক দীপংকর সেন ও অশোক কুমার মিত্র গত অগাস্ট  
মাসের বন্যায় বিলোনিয়া মহকুমায় ক্ষতিগ্রস্ত পরিবারগুলিকে  
উপযুক্ত ক্ষতিপূরণের টাকা মিটিয়ে দিতে আজ মহকুমা শাসক  
দেবাশীষ দাসের কাছে দাবি জানিয়েছেন। তাছাড়া বন্যায় ক্ষতিগ্রস্ত  
বিলোনিয়ার বনকর শশ্মানঘাট, জীরতলি ও রতনপুর এলাকায়  
ভেঙে পড়া সেতুগুলির নির্মাণ কাজ দ্রুত শুরু করা এবং মুহূরী  
নদীর পাড়ের বাঁধ আরও উঁচু করার জন্য বিধায়কগণ দাবি  
জানিয়েছেন।

\*\*\*\*\*

#### **Makar Sankranti-Unakoti :**

প্রত্রভূমি উনকোটিতে "মকর সংক্রান্তি মেলা" আগামী তেরো ও  
চৌদ্দ জানুয়ারি অনুষ্ঠিত হবে। আসন্ন মেলা'কে সফল করতে  
আজ বিকালে কৈলাশহর পুর পরিষদের কনফারেন্স হলে এক  
প্রস্তুতি বৈঠক অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন, উনকোটি জিলা  
পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, কৈলাশহর পুর পরিষদের  
চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়, মহকুমা শাসক প্রদীপ সরকার  
প্রমুখ। বৈঠকে সিদ্ধান্ত হয়, মেলায় বিভিন্ন দপ্তরের প্রদর্শনী মন্ডপ  
থাকবে ও সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হবে।

\*\*\*\*\*

#### **Super League Tournament :**

ক্রীড়া ও যুব কল্যাণ মন্ত্রী টিংকু রায় আজ বিলোনিয়ার বিকেআই  
মাঠে দক্ষিণ ত্রিপুরা ফুটবল সুপার লীগ টুর্নামেন্টের উদ্বোধন  
করেন। উদ্বোধনী ম্যাচে সাতচাঁদ সার্কস ৩-২ গোলে রাজনগর  
রেনিগেডস দলকে পরাজিত করে। জেলার ৮টি ব্লকের আটটি  
দল এই প্রতিযোগিতায় অংশ নিয়েছে।

\*\*\*\*\*

#### **Sports Meet-Unakoti :**

নেহেরু যুব কেন্দ্র এর উদ্যোগে আজ কৈলাশহরে জেলাভিত্তিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। কৈলাশহর কলেজ স্টেডিয়ামে এই ক্রীড়া আসরের উদ্বোধন করেন, কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়। উপস্থিত ছিলেন, জিলা পরিষদের সদস্য শ্যামল দাশ, কৈলাশহরের মহকুমা শাসক প্রদীপ সরকার প্রমুখ। উনকোটি জেলার বিভিন্ন ব্লক এলাকা থেকে প্রতিযোগী-প্রতিযোগিনীরা এতে অংশ নেয়।

\*\*\*\*\*

#### **Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হলকা কুয়াশা পড়বে। তাপমাত্রা সর্বোচ্চ ২৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৫ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৬ দশমিক ৭ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৫ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*